



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন  
কৃষি ভবন  
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০  
(সাধারণ পরিচর্যা বিভাগ)  
www.badc.gov.bd

স্মারক নং: ১২.২০৬.০১৮.০০.০০.০১৬.২০১৭-২১১২

তারিখ: ০২ ভাদ্র, ১৪২৫  
১৬ আগস্ট, ২০১৮

পুলিশ কমিশনার  
ডিএমপি, ঢাকা।

বিষয়: নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে পুলিশ টহল প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়স্বতন্ত্র বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর সদর দপ্তর (কৃষি ভবন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০) আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে আগামী ২১ আগস্ট ২০১৮ তারিখ হতে ২৫ আগস্ট ২০১৮ তারিখ পর্যন্ত অন্যান্য অফিস-আদালতের ন্যায় বন্ধ থাকবে। সেজন্য দিলকুশাস্থ বিএডিসি'র কৃষি ভবন এর নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের আবশ্যিকতা রয়েছে।

০২. এমতাবস্থায়, উক্ত ছুটিকালীন সময়ে দিনে এবং বিশেষ করে রাত্রিকালে আপনার দপ্তর থেকে যে টহল পুলিশের ব্যবস্থা করা হয়ে থাকে তাতে বিএডিসি'র কৃষি ভবনটি টহলের অন্তর্ভুক্ত রাখার ও নিরাপত্তা জোরদারকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

একান্তভাবে আপনার,

(তুলসী রঞ্জন সাহা)

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোন : ৯৫৬৪৩৫৯

e-mail:secretary@badc.gov.bd

কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপপুলিশ কমিশনার, মতিঝিল বিভাগ, ডিএমপি, ৩২ কাকরাইল, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা (উক্ত ছুটিকালীন সময়ে বিদ্যুৎ, পানি, গ্যাস লাইনের সাথে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
৩. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (পত্রটি বিএডিসি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো)।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিসার ইনচার্জ, মতিঝিল থানা, ডিএমপি, ঢাকা।
৬. প্লাটুন কমান্ডার, কৃষি ভবন আনসার ক্যাম্প, বিএডিসি, ঢাকা (উক্ত ছুটিকালীন সময়ে নিরাপত্তা জোরদারকরণের নির্দেশ প্রদান করা হলো)।
৭. জনাব.....প্রধান নিরাপত্তা প্রহরী/ নিরাপত্তা প্রহরী, সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি, ঢাকা (উক্ত ছুটিকালীন সময়ে নিরাপত্তা জোরদারকরণের নির্দেশ প্রদান করা হলো)।
৮. অফিস কপি/মাস্টার ফাইল।